

# ছাদকৃষির সহজপাঠ





সম্পাদনায়
ফখর উদ্দিন তালুকদার
মোঃ খালিদ আওরংগজেব
খলিল আহমদ

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া





## সম্পাদনায়



নাম ঃ **ফখর উদ্দিন তালুকদার**
পদবী ঃ সহকারী পরিচালক
প্রতিষ্ঠান ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
শিক্ষা ঃ বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স); বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
এমএস ইন হর্টিকালচার; বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ



নাম ঃ **মোঃ খালিদ আওরংগজেব**
পদবী ঃ পরিচালক (চলতি দায়িত্ব)
প্রতিষ্ঠান ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
শিক্ষা ঃ বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স); বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
এমএস ইন এগ্রিকালচারাল এক্সটেনশন এডুকেশন; বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
মাষ্টার ইন রুরাল ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট, কনকেন বিশ্ববিদ্যালয়, থাইল্যান্ড



নাম ঃ **খলিল আহমদ**
পদবী ঃ মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
প্রতিষ্ঠান ঃ পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
শিক্ষা ঃ বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
এম.এসসি. ইন প্রোডাকশন ইকোনমিক্স এন্ড ফার্ম ম্যানেজমেন্ট
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
এম.এসসি. ইন ইকোনমিক্স এন্ড ফিন্যান্স ফর ডেভেলপমেন্ট
ব্র্যাডফোর্ড ইউনিভার্সিটি, যুক্তরাজ্য





# মুখবন্ধ



**খলিল আহমদ**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কার্যক্রম পরিচালনা করছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদৃষ্টি সম্পন্ন ভাবনার একটি অন্যতম পদক্ষেপ ছিল ১৯৭৪ সালের ১৯ শে জুন পল্লী উন্নয়ন একাডেমী স্থাপন। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া পল্লী উন্নয়নের ক্ষেত্রে গবেষণা, প্রায়োগিক গবেষণা, প্রশিক্ষণ ও পরামর্শ সেবা প্রদানসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ডিগ্রি প্রদান করছে। একাডেমীর প্রশিক্ষণ গ্রহণ করে অনেক সাধারণ মানুষ উদ্যোক্তা হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে পেরেছে। একাডেমী থেকে বাংলাদেশের সকল জেলায় পানি শোধন সংক্রান্ত প্রায়োগিক গবেষণার বাস্তবায়ন করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্রামের উন্নয়নের জন্য একাডেমীর মাধ্যমে সরকারের বড় বড় প্রকল্প বাস্তবায়ন করছেন। একাডেমী জামালপুর জেলায় শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী এবং রংপুর জেলায় রংপুর পল্লী উন্নয়ন একাডেমী স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে নিয়ে এসেছে। এছাড়া তিনটি জেলায় কৃষি জমি রক্ষার্থে সমবায়ভিত্তিক বহুতলবিশিষ্ট স্বল্পমূল্যে স্বল্প খরচে নির্মিত পল্লী জনপদ প্রকল্প বাস্তবায়ন করছে। একাডেমী বাইশটি ট্রেডে অর্থাৎ প্লাম্বিং, ইলেকট্রনিক্স, পশুপালন, মৎসপালন, হর্টিকালচার, আউটসোর্সিং এবং নার্সারিসহ বিভিন্ন ট্রেডে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান করে আসছে। বর্তমান বিশ্বে বিজ্ঞানের জয়যাত্রায় কৃষি ক্ষেত্রে যে ব্যাপক প্রযুক্তিগত উন্নয়ন হয়েছে, তা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য একাডেমী বিভিন্ন প্রায়োগিক গবেষণা কার্যক্রম এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উদ্যোক্তা সৃজনের বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। শহরের নাগরিক যেন কৃষিবিজ্ঞানের অগ্রযাত্রার সুফল গ্রহণ করে নিজ বাসা কিংবা অফিসের ছাদ ও বেলকুনিতে সৌন্দর্যমন্ডিত গাছ, ফলমূল বা শাকসবজির নিরাপদ ও পরিশীলিত চাষাবাদ করতে পারে সে লক্ষ্যেই 'ছাদকৃষির সহজপাঠ' বইটি প্রকাশের আয়োজন করা হয়েছে। শহুরে জীবনে অবসর বিনোদনের উদ্দেশ্যে একটুখানি সবুজের ছোঁয়া পৌঁছানোর জন্য নাগরিকদের উৎসাহ প্রদান ও ছাদকৃষি কার্যক্রমের সহজ পদ্ধতি সম্পর্কে জানাতে আমাদের এই ক্ষুদ্র আয়োজন। এই বইটি একাডেমীর সহকারী পরিচালক জনাব ফখর উদ্দিন তালুকদার এবং একাডেমীর পরিচালক জনাব মোঃ খালিদ আওরংগজেব সম্পাদনা করেছেন। বইটি সম্পাদনার কাজে আমাকেও মনোনিবেশ করতে হয়েছে। এই বইটি পড়ে সকল শ্রেণির শহুরে নাগরিকগণ ছাদকৃষির প্রতি উৎসাহিত হলে আমাদের উদ্যোগ সফলতা অর্জন করবে। একাডেমীতে বইটি বিভিন্ন প্রশিক্ষণে ম্যানুয়াল হিসেবে ব্যবহার করা যাবে।

খলিল আহমদ